

বিএসএমএমইউর ডাক্তার নিয়োগ পরীক্ষার ফল প্রকাশ

১৩ মে ২০১৯ ০১:১৩

আপডেট: ১৩ মে ২০১৯ ০৯:১২



আমাদের মমতা

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) ডাক্তার নিয়োগ পরীক্ষার ফল গতকাল প্রকাশ করা হয়েছে। ১৮০ মেডিক্যাল অফিসার ও ২০ ডেন্টাল চিকিৎসক পদে ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় ৮ হাজার ৫৫৭ জন অংশ নেন।

লিখিত পরীক্ষায় ১টি পদের জন্য ৪ জনকে পাস করানো হয়েছে। এ হিসাবে ৭১৯ মেডিক্যাল অফিসার ও ডেন্টালের ৮১ জন মিলে মোট ৮২০ পরীক্ষার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। এবার তাদের ৫০ নম্বরের মৌখিক পরীক্ষা নেওয়া হবে।

কয়েক দফা পেছানোর পর বিএসএমএমইউয়ে মেডিক্যাল অফিসার নিয়োগ পরীক্ষা গত ২২ মার্চ অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী একদিন পর পরীক্ষার ফল প্রকাশ হওয়ার কথা; কিন্তু প্রকাশ হলো ৪৯ দিন পর।